

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, সুফিয়ান বিন উআইনাহ হাদীসটি ইমাম যুহরী রহিমাহ্লাহ থেকে শ্রবণ করেনি, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن سُفْيَانَ لَمْ يَسْمَعْ هَذَا الْخَبَرَ مِنَ الزُّهْرِ

আরবী

3036 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ سُفْيَانَ الْفَارِسِيُّ قَالَ: حَدَّثَنَا النُّهْرِيُّ غَيْرَ مَرَّةٍ _ أَشْهَدُ لَكَ عَلَيْهِ _ قَالَ: لَحُدَّثَنَا الزُّهْرِيُّ غَيْرَ مَرَّةٍ _ أَشْهَدُ لَكَ عَلَيْهِ _ قَالَ: أَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ يَمْشُونَ أَمَامَ الْجَنَازَةِ.

فَقِيلَ لِسُفْيَانَ: فِيهِ (وَعُتْمَانَ؟) قَالَ: لَا أَحْفَظُهُ قِيلَ لَهُ: فَإِنَّ بَعْضَ النَّاسِ لَا يَقُولُهُ إِلَّا عَنْ سَالِمٍ فَقَالَ: حَدَّثَنَاهُ الزُّهْرِيُّ غَيْرَ مَرَّةٍ لَ أَشْهَدُ لَكَ عَلَيْهِ لَ وقيل له: فإن ابن جريح يَقُولُهُ كَمَا تَقُولُهُ وَيَزِيدُ فِيهِ (عُتْمَانَ) فَقَالَ سفيان: لم أسمعه وذكر عثمان.

الراوي: عَبْد اللَّهِ بْن عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3036 ا خلاصة حكم المحدث: صحيح _ ((ابن ماجه)) (1482).

বাংলা

৩০৩৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর ও উমার রাদ্বিয়াল্লাহু আনহুমকে দেখেছি, তাঁরা জানাযার সামনে হেঁটে চলেছেন।"[1]

অতঃপর সুফিয়ান বিন উআইনাহ রহিমাহুল্লাহকে প্রশ্ন করা হয়, "আর উসমান রাদ্বিয়াল্লাহু আনহু?" জবাবে তিনি বলেন, "এই ব্যাপারে আমার হাদীস আয়ত্বে নেই।" তাকে বলা হলো, "কিছু লোক হাদীসটিকে কেবল সালিমের সূত্রে বর্ণনা করেন।" তখন তিনি বলেন, "আমাদেরকে ইমাম যুহরী এই হাদীসটি একাধিকবার বর্ণনা করেছেন। আমি তোমাদের কাছে সাক্ষ্য দিয়ে বলছি।" তাকে আবারো বলা হলো, "আপনি যেভাবে বর্ণনা করেন, সেভাবে ইবনু জুরাইযও বর্ণনা করেন, তবে তিনি সেখানে উসমান রাদ্বিয়াল্লাহু আনহুর নাম বৃদ্ধি করেন।" জবাবে তিনি



বলেন, "আমি ইমাম যুহরীর কাছে উসমান রাদ্যাল্লাহু আনহুর কথা উল্লেখ করতে শুনিনি।"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৮১; নাসাঈ: ৪/৪৩; মুসনাদ আহমাদ: ৫/৩৭; হাকিম: ১/৩৫৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির রাবীদের নির্ভরযোগ্য বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ১৪৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন